

108

দৈনিক ইনকিলাব

তারিখ ... 2.6 MAY 1997 ...  
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৪ ...

রাজশাহী ভাসিটির  
নবগঠিত শিক্ষক সমিতির  
প্রথম সভায় সিদ্ধান্ত

রাঃ বিঃ রিপোর্টার : নবগঠিত রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যকরী সংসদের প্রথম সভা সন্ধ্যায় সমিতির সভাপতি প্রফেসর এম মোখলেসুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভার ৭ দফা সিদ্ধান্তের মধ্যে রয়েছে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের চলমান আন্দোলনের দাবী নিয়ে ভারপ্রাপ্ত ভিসির সঙ্গে সাক্ষাৎ, শাহ হাবীবুর রহমান ও প্রফেসর কোরবান আলীকে মনিটর করে ৮ সদস্যের ইনফরমেশন সেল গঠন, বিশ্ববিদ্যালয়ের বিরাজমান পরিস্থিতি ও যুগ্মবিদ্যালয় আক্রান্তদের সাহায্যের জন্য ২৯ মে সাধারণ সভার সিদ্ধান্ত, সমিতির সভাপতি, সেক্রেটারী ও সদস্য সোহরাব উদ্দীন আহমদকে শিক্ষক সমিতি ফেডারেশনের সদস্য করার জন্য ফেডারেশনের সভাপতিকে পত্র প্রেরণের সিদ্ধান্ত উল্লেখযোগ্য। এদিকে ভারপ্রাপ্ত ভিসি প্রফেসর আঃ খালেক গতকাল ৪র্থ শ্রেণীর কর্মচারীদের সাথে মত বিনিময় করেন। কর্মচারীদের অনেকেই এটাকে চাপ প্রয়োগ সভা হিসেবে উল্লেখ করেছেন। আজ তৃতীয় শ্রেণীর কর্মচারীদের সাথে মিলিত হবেন। অপর দিকে নবগঠিত শিক্ষক সমিতি সাংবাদিক সম্মেলনে তাদের বক্তব্য পেশ করারও সিদ্ধান্ত নিয়েছে বলে জানা গেছে।